গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রংপুর অঞ্চল, রংপুর।
(dae.rangpurdiv.gov.bd)

কৃষিই সমৃদ্ধি

অফিস আদেশ

স্মারক নং-১২.১৬.৮৫০০.০৩৯.২৭.০৭২.১৩/ ৯০৯০ (৫)

তারিখঃ ২২/০৭/২০২৪খ্রি.

আপনি জনাব মোঃ অলিউর রহমান, ক্যাশিয়ার, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর। আপনার বিরুদ্ধে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর দপ্তর স্মারক নং-১৪২১, তারিখ-০৪/১০/২০২২ খ্রি. মোতাবেক কর্তৃপক্ষের বিনানুমতিতে দীর্ঘ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকা, কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে অনুপস্থিতির দিন হাজিরা খাতায় স্বাক্ষর করা এবং কৈফিয়ত তলবের জবাব দাখিল না করার অভিযোগ উত্থাপিত হয়।

যেহেতু আপনি জনাব মোঃ অলিউর রহমান, ক্যাশিয়ার, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর। উল্লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে অত্র দপ্তর স্মারক নং ১৪৮৬(৩), তারিখ- ২৮/১১/২০২২ খ্রি. মোতাবেক আপনাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানোর নোটিশসহ অভিযোগ বিবরণী আপনার নিকট প্রেরণ করা হয়। যার সন্তোষজনক কোন জবাব কিংবা আত্মপক্ষ সমর্থনের জন্য নির্ভরযোগ্য কোন প্রমানক দাখিল করেননি।

যেহেতু আপনি জনাব মোঃ অলিউর রহমান, ক্যাশিয়ার, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর। ১ম কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেননি। পরবর্তীতে আপনাকে অত্র দপ্তর স্মারক স্মারক নং-৫১২(৪), তারিখ-০৩/০৪/২০২৩ খ্রি. মোতাবেক ২য় কারণ দর্শানোর নোটিশ (অভিযোগ বিবরণী) প্রদান করা হয়। তার কোন জবাব কিংবা আত্মপক্ষ সমর্থনের জন্য নির্ভরযোগ্য কোন প্রমানক দাখিল করেননি।

যেহেতু আপনি জনাব মোঃ অলিউর রহমান, ক্যাশিয়ার, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর। আপনাকে ১ম ও ২য় কারণ দর্শানোর নোটিশ (অভিযোগ বিবরণী) প্রদান করা হলেও আপনি আত্মপক্ষ সমর্থনের জন্য নির্ভরযোগ্য কোন প্রকার প্রমানক দাখিল না করায় অত্র দপ্তর স্মারক নং-৭৬৮(৪), তারিখ-১১/০৬/২০২৩ খ্রি. মোতাবেক ৩য় কারণ দর্শানোর নোটিশ (অভিযোগ বিবরণী) প্রদান করা হয়। কিন্তু তার কোন জবাব কিংবা আত্মপক্ষ সমর্থনের জন্য নির্ভরযোগ্য প্রমানক দাখিল করেননি।

যেহেতু আপনি জনাব মোঃ অলিউর রহমান, ক্যাশিয়ার, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর। উল্লিখিত অভিযোগনামার ১ম, ২য় ও ৩য় কারণ দর্শানোর নোটিশ (অভিযোগ বিবরণী) এর কোন প্রকার জবাব কিংবা আত্মপক্ষ সমর্থনের জন্য নির্ভরযোগ্য প্রমানক দাখিল করেননি। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তর স্মারক নং-৯৩৩(৪), তারিখ-১৯/০৭/২০২৩ খ্রি. মোতাবেক আপনার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের সত্যতা যাচায়ের জন্য ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করে বিষয়টি সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করার জন্য পত্রজারী করা হয়। সে মোতাবেক তদন্ত কমিটি আপনাকে তদন্তের দিন ধার্য করে স্বশরীরে আপনার কর্মস্থল, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর দপ্তরে তদন্ত কমিটির সম্মুখে উপস্থিত থাকার জন্য পত্র প্রেরন নিশ্চিত করেন এবং যথারীতি ধার্যকৃত ৩১/০৮/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় তদন্ত কার্যক্রম শুরু করেন। আপনি জনাব মোঃ অলিউর রহমান, ক্যাশিয়ার, ৩১/০৮/২০২৩ খ্রি. তারিখ তদন্তের দিন কর্মস্থলে উপস্থিত হয়ে হাজিরা খাতায় স্বাক্ষর করেন কিন্তু তদন্ত কমিটির নিকট উপস্থিত না হয়ে কমিটির অগোচরে কর্মস্থল ত্যাগ করে চলে যান। তদন্ত কমিটি আপনাকে অনেক খোঁজাখুজি করে কর্মস্থলের আশেপাশে কোথাও না পেয়ে তাৎক্ষনিক ভাবে আপনার মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করেও আপনাকে পাননি। এমতাবস্থায় যথানিয়মে তদন্ত কার্য সমাপ্ত করেন এবং আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮/৩ (খ), (গ) অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সুপারিশ করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

চলমান-০২

যেহেতু আপনি জনাব মোঃ অলিউর রহমান, ক্যাশিয়ার, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর। আপনাকে অত্র দপ্তর স্মারক নং-৩৮৯(৩), তারিখ-০৪/০৪/২০২৪ খ্রি. মোতাবেক কর্তৃপক্ষের আদেশ না মানা, বিনানুমতিতে দীর্ঘ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকা, কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে অনুপস্থিতির দিনে হাজিরা খাতায় স্বাক্ষর করা এবং কৈফিয়ত তলবের জবাব দাখিল না করা, কারন দর্শানের নোটিশের জবাব না দেয়া এবং তদন্ত কমিটির নিকট উপস্থিত না হওয়ার জন্য ব্যাখাসহ জবাব অত্র দপ্তরে দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হলেও আপনি তার কোন প্রকার জবাব দাখিল করেননি কিংবা আত্মপক্ষ সমর্থনের জন্য নির্ভরযোগ্য প্রমানক দাখিল করেননি।

সেহেতু আপনি জনাব মোঃ অলিউর রহমান, ক্যাশিয়ার, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর। আপনার একাধিক কারণ দর্শানোর নোটিশের জবাব না দেয়া, কর্তৃপক্ষের আদেশ না মানা, বিনানুমতিতে দীর্ঘ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকা, কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে অনুপস্থিতির দিনে হাজিরা খাতায় স্বাক্ষর করা, কৈফিয়ত তলবের জবাব দাখিল না করা এবং তদন্ত কমিটির নিকট উপস্থিত না হওয়া সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর ৩ (খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। এমতাবস্থায় কেন আপনাকে সরকারি চাকরি হতে অপসারণ করা হবে না ? তার সন্তোষজনক জবাব ব্যাখ্যাসহ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করার জন্য নির্দেশসহ আত্মপক্ষ সমর্থনের জন্য সুযোগ প্রদান করা হলো। অন্যথায় এ নির্দেশ পালনে ব্যর্থ হলে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি- ৪ এর উপ-বিধি (৩) এর (গ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ ওবায়দুর রহমান মন্ডল)
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রংপুর অঞ্চল, রংপুর
ই-মেইল ঃ adaerang@gmail.com।

প্রাপক

জনাব মোঃ অলিউর রহমান
ক্যাশিয়ার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর।

স্থায়ী ঠিকানা ঃ

মোঃ অলিউর রহমান
পিতা- মোঃ আঃ ওয়াহেদ
গ্রাম- মথরপাড়া, পোঃ-উল্যা সোনাতলা
উপজেলা-সাঘাটা, জেলা-গাইবান্ধা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
দৃষ্টি আকর্ষণ ঃ উপপরিচালক (লিগ্যাল ও সার্পোট সার্ভিসেস), প্রশাসন ও অর্থ উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা-১২১৫।
পত্রখানা ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২. উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি,ফার্মগেট, ঢাকা।
৩. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর।